5000Rs.




শুভ দানপত্র দলিল মূল্য ৪,৫৭,৫০০.০০ টাকা, মৌজা ভোলারডাবরী, জমি ঃ- ৬.৭৫ ডেঃ তৎ সহ পুরাতন একখানি গৃহ, থানা আলিপুরদুয়ার, আলিপুরদুয়ার পৌরসভার ১৯ নং ওয়ার্ডের অধীন।


Admissible under rule 21 duly Stamped (or exempt from or does not require stamp duty) under the Indian Stamp Act. 1899 & W.B.L.R. Act. 1955
Schedule..........
Fees Paid exempted Rs..........
P. Fees Rs.......... in Court Fees

Additional Dist. Sub-Registrar,
Alipurduar, Dist. Jalpaiguri

- 1 SEP 2009

দান দাতা ঃ






5000Rs.




দান গ্রহীতা ঃ





5000Rs.




বরাবর ঃ- নাবালক শ্রী রাজদীপ সেনগুপ্ত পিতা শ্রী রঞ্জন সেনগুপ্ত উক্ত নাবালক পক্ষে অলি পিতা শ্রী রঞ্জন সেনগুপ্ত পিতা স্বর্গীয় পূর্ণচন্দ্র সেনগুপ্ত, জাতি হিন্দু পেশা ব্যবসা, সাকিন ও পোঃ আলিপুরদুয়ার কোর্ট, ওয়ার্ড নং ১৯, থানা আলিপুরদুয়ার, জেলা জলপাইগুড়ি (ভারতীয় নাগরিক) বরাবরেষু।

5000Rs.




লিখিতং ঃ- শ্রী উজ্জ্বল কুমার সেনগুপ্ত পিতা মৃত শ্রীশ চন্দ্র সেনগুপ্ত। জাতি হিন্দু পেশা অবসর প্রাপ্ত সরকারী কর্মচারী। সাকিন ও পোঃ আলিপুরদুয়ার কোর্ট, থানা আলিপুরদুয়ার, জেলা জলপাইগুড়ি, (ভারতীয় নাগরিক)।

কস্য রায়তি স্বত্ববিশিষ্ট ভূমি ও গৃহের শুভদান পত্রমিদং কার্য্যঞ্চাগে। জেলা জলপাইগুড়ির অন্তর্গত আলিপুরদুয়ার থানার ও পৌরসভার অধীন মৌজা ভোলারডাবরী মধ্যে নিম্ন তপশীলে লিখিত ভূমি আমি বিগত ইংরাজী ১৯-০৪-১৯৬১ তারিখে ৫৭৬৯ নং একখানি

5000Rs.




এজমালি দলিলে ২৭ ডেঃ ভূমি খরিদ করিয়া আমার নিজ অংশের ভূমি বর্তমান সেটেলমেন্ট জরিপে নামজারি করিয়া ভোগ দখলকার আছি। যাহার হাল খতিয়ান ১৪৩৪ নং সংশোধিত খতিয়ান ১০০ নং খতিয়ানে ০৭ ডেঃ ভূমি রেকর্ড করিয়া মালিক দখলকার আছি। অত্র দানপত্র দলিল দাতা আমি বর্তমানে বৃদ্ধ অবস্থায় উপনীত হইয়াছি ও দৈনন্দিন ক্রমশঃ কাতর ও দুর্বল হইয়া পড়িতেছি এবং মানব জীবন অনিত্য ইহার কোন নিশ্চয়তা নাই ও দান গ্রহিতা

2000Rs.




তুমি আমার জ্যেষ্ঠ ভ্রাতার কনিষ্ঠ পুত্রের ঔরষজাত পুত্র বট অর্থাৎ তুমি আমার নাতি বট। আমি তোমাকে শৈশব কাল হইতে পুত্রবৎ স্নেহ মমতা করিয়া লালন পালন করিয়া আসিতেছি আমার অবর্তমানে যাহাতে নাবালক তোমার কোনরূপ অসুবিধার কারণ উদ্ভব না হয় উহার লক্ষ্যে তোমার প্রভুত উন্নতি কামনা করিয়া আমি এই সিদ্ধান্তে উপনিত হই যে তপশীল বর্ণিত আমার রেকর্ড বর্ণিত স্বত্ব দখলিয় ৬.৭৫ ডেঃ ভূমি ও তদুপরিস্থিত গৃহ যাহার

भारतीय गैर न्यायिक

एक सौ रुपये

Rs. 100

रु. 100

ONE HUNDRED RUPEES

सत्यमेव जयते

भारत INDIA

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ পশ্চিম বংগাল WEST BENGAL

E 583281

আনুমানিক বাজার দর মূল্য মং ৪,৫৭,৫০০.৫০ টাকা চার লক্ষ সাতান্ন হাজার পাঁচশত টাকা হইবেক উক্ত ভূমি ও গৃহ নাবালক তোমাকে দান করিলাম। তবে উল্লেখ রহিল যে আমি জীবিত কাল পর্যন্ত এবং নাবালক সাবালক না হওয়া অবধি নাবালকের পিতা অভিভাবক তুমি আমার দানকৃত সম্পত্তি কোন প্রকার হস্তান্তর করিতে পারিবে না ও নাবালকের ক্ষতিসাধন করিতে পারিবে না এবং আমার জীবিত কাল পর্যন্ত দানকৃত সম্পত্তি আমার ভরন পোষনের

भारतीय गैर न्यायिक

एक सौ रुपये

Rs. 100

रु. 100

ONE HUNDRED RUPEES

सत्यमेव जयते

भारत INDIA

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ পশ্চিম বंगाल WEST BENGAL

E 583282

জন্য (চার্জ্জ) স্বরূপ রহিল এবং আমার দানকৃত সম্পত্তি মধ্যে নাবালকের স্বার্থে আমার ন্যায় তুল্য ক্ষমতায় যাবতীয় স্বত্বে স্বত্ববান হইয়া মালিক সেরেস্তায় আমার কর্ত্তন করিয়া তোমার নাবালক পুত্রের নামে নামজারি করতঃ পুত্র পৌত্রাদি ওয়ারিশানক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাক তাহাতে আমি এবং আমার স্থলাভিষিক্ত উত্তরাধিকারী ক্রমে কেহ কোন প্রকার দাবা দাবী বা ওজর আপত্তি করিতে পারিব না ও রহিলেক না করিলে সর্বত্র তাহা অগ্র

भारतीय गैर न्यायिक

एक सौ रुपये

**Rs. 100**

रु. 100

ONE HUNDRED RUPEES

सत्यमेव जयते

भारत INDIA

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

E 583283

দানপত্র দলিলের বলে সর্বতোভাবে বাতিল ও অগ্রাহ্য হইবে। এতদ্‌মর্মে সুস্থ চিত্তে স্বজ্ঞানে অন্যের বিনা প্ররোচনায় স্বেচ্ছায় অত্র দানপত্র দলিল আমি সহি সম্পাদন করিয়া দিলাম। ইতি বাংলা ১৪১৬ সনের ১৪ই ভাদ্র ইংরাজী ৩১-০৮-২০০৯ একত্রিশ আগষ্ট দুই হাজার নয় সন।

भारतीय गैर न्यायिक

एक सौ रुपये

Rs. 100

रु. 100

ONE HUNDRED RUPEES

सत्यमेव जयते

भारत INDIA

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

E 583284

## তপশীল সম্পত্তি বর্ণনা

জেলা জলপাইগুড়ি, থানা তহশীল ও অতিরিক্ত জেলা অবর নিবন্ধক কার্য্যালয় আলিপুরদুয়ার অধীন পৌরসভার ১৯নং ওয়ার্ডস্থিত মৌজা ভোলারডাবরী মধ্যে বার্ষিক ৩০ পয়সা জমায় ০৭ সাত ডিং ভূমি বর্তমান সেটেলমেন্ট রেকর্ডে আমার নামে নিয়ত। হাল ১৪৩৪ চৌদ্দশত চৌত্রিশ খতিয়ানে ও সংশোধিত ১০০ একশত নং হাল খতিয়ানে রেকর্ডভুক্ত নিয়ত বটে ও স্বত্ববান ভোগদখলীকার আছি। উক্ত স্বত্ব দখলীয় ভূমি হইতে ৬.৭৫ ডেঃ ছয় ডেসিমেল সাতশত পঞ্চাশ বর্গলিং ভূমি তোমাকে দান করিলাম। যাহার দাগ নং উক্ত খতিয়ানের অন্ত ভুক্ত হাল ১১৯৩ এগারশত তিরানব্বই ও সাবেক দাগ নং ৬৪০ ছয়শত চল্লিশ উক্ত দাগে দানকৃত ভূমি বটে। জে. এল. নং ৫৬ ছাপ্পান্ন, জমির শ্রেণী রেকর্ডে বাস্তু বটে। তৎ মূল্য ৩,৩৭,৫০০.০০ টাকা তিন লক্ষ সাইত্রিশ হাজার পাঁচশত টাকা।

भारतीय गैर न्यायिक

बीस रुपये

भारत

Rs.20

रु.20

TWENTY RUPEES

INDIA

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

07AA 525798

## গৃহের বর্ণনা

ঐ ঐ এলাকাধীন ভোলারডাবরী মৌজাস্থিত উপরোক্ত তপশীলে বর্ণিত খতিয়ানের দাগের উপর দন্ডায়মান একখানি পুরাতন গৃহ যাহার দৈর্ঘ্য ৩৬ ফুট প্রস্থ ১২ ফুট = ৪৩২ বর্গফুট ও তৎ সহ একখানি ফাঁকা বারান্দা যাহার দৈর্ঘ্য ৮ ফুট প্রস্থ ৬ ফুট = ৪৮ বর্গফুট, সর্বমোট ৪৮০ বর্গফুট, অত্র গৃহের ভিটি পাকা, ফুল ওয়ালযুক্ত করগেট টিনের ছাউনি যুক্ত গৃহ দানকৃত বটে। তৎ মূল্য ১,২০,০০০.০০ টাকা এক লক্ষ কুড়ি হাজার টাকা। উক্ত গৃহ ইং ১৯৬২ সনে তৈরি।

একুনে ভূমি ও গৃহের মোট মূল্য ৪,৫৭,৫০০.০০ টাকা চার লক্ষ সাতান্ন হাজার পাঁচশত টাকা।

ভারতীয় গৈর ন্যায়িক

भारत

बीस रुपये

Rs.20

रु.20

TWENTY RUPEES

INDIA

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

07AA 525799

চৌহদ্দি

উত্তরে ঃ- তপন কুমার সেনগুপ্ত, দক্ষিণে ঃ- পৌরসভার রাস্তা, পূর্বে ঃ- চলাচলের পৌনে সাত ফুট প্রস্থ পথ ও রঞ্জন সেনগুপ্ত, পশ্চিমে ঃ- স্বপন চন্দ। এই চৌহদ্দি মধ্যে উক্ত ৬.৭৫ ডেঃ ভূমি ও গৃহ দানকৃত বটে।

অত্র দান গ্রহিতা আমি নাবালকের পিতা এবং তদ্ অভিভাবক স্বরূপ উল্লেখ্য শর্তে অত্র দান গ্রহন করিলাম ও দান গ্রহনের স্বীকৃতি স্বরূপ অত্র দানপত্র দলিলে আমিও সহি সম্পাদন করিয়া দিলাম।

দান গ্রহিতার স্বাক্ষর

भारतीय गैर न्यायिक

भारत

बीस रुपये

Rs.20

रु.20

TWENTY
RUPEES

INDIA

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ পশ্চিম बंगाल WEST BENGAL

07AA 525800

অত্র দলিলে স্ট্যাম্প ১৩ ফর্দে লেখা রহিল।

দাতাকে দলিল পাঠ করিয়া শুনাইলাম-

অত্র দলিল প্রস্তুতকারক ঃ

আলিপুরদুয়ার এ্যাডিশন্যাল ডিস্ট্রিক্ট সাব রেজিষ্ট্রি

অফিসের অধীন লাইসেন্স নং- ৮/এ

মুদ্রক ঃ

আলিপুরদুয়ার কোর্ট।

ইসাদি

Pritam Taaf dar
S/O Shri Kamakhya ch Taafdar
Alipurdua Court